

কোন সেবা কিভাবে পাবেন:

তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ পূর্বক বাংলাদেশের নাগরিক যেকোন সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত তথ্য পেতে পারেন। এই আইনের আওতায় যেকোন সরকারী-বেসরকারী দপ্তরের/কার্যালয়ে তথ্য পেতে আপনাকে সংশ্লিষ্ট দপ্তরের/কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে। আবেদনকারীকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্দিষ্ট **নমুনা/ফরমেটে** আবেদনপত্র সরাসরি/ই-মেইলে আবেদন করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন পাওয়ার পর ২০(বিশ) দিনের মধ্যে ক্ষেত্রবিশেষে ৩০(ত্রিশ) দিনের মধ্যে সফট/ই-মেইল/প্রিন্টেডকপি/ফটোকপি/সিডিকপি তথ্য প্রদান করবেন।

কোন কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানে অপারগ হলে, আবেদনকারীকে নির্ধারিত **পদ্ধতি/ফরমেট** অনুসরণপূর্বক ১০(দশ) দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করবেন। আবেদনকারী তথ্য না পেলে বা কোন প্রকার সংস্কৃদ্ধ হলে নির্দিষ্ট কর্তৃপক্ষের (নির্ধারিত **নমুনা/ফরমে**) নিকট আপিল করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ আবেদন পাওয়ার ১৫(পনের) দিনের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন।